BGMEA

বিজিএ/আরবি/২০২৬/~~৮৫৮৭~~/২৭৪ তারিখ: ১২/০৮/২০২৬

# সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য

বিষয়ঃ <u>বৈদেশিক ক্রেতা **LLC RE Trading, LLC Logo Trade** এবং **FES Retail** এর নিকট রপ্তানীর বিপরীতে **EXP** এর মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন দাখিল প্রসঙ্গে ।</u>

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত বৈদেশিক ক্রেতা প্রতিষ্ঠানসমূহের সাথে বিজিএমইএ-এর অনেক সদস্য প্রতিষ্ঠানের রপ্তানি বিল নগদায়ন না হওয়া এবং রপ্তানি আদেশ মোতাবেক সম্পূর্ণ পণ্য রপ্তানি করতে না পারাসহ বিভিন্ন ধরনের ব্যবসায়িক জটিলতার সম্মুখীন হওয়ার তথ্য পাওয়া গেছে। বর্নিত প্রতিষ্ঠানসমূহের নিকট হতে (LLC RE Trading, LLC Logo Trade এবং FES Retail) রপ্তানিকৃত পণ্যের বিপরীতে অনাদায়ী রপ্তানি মূল্য আদায়ের লক্ষ্যে BGMEA সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ পূর্বক নিরলস কাজ করে যাচ্ছে।

এমতাবস্থায়, যেসব সদস্য প্রতিষ্ঠান উপরোক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট রপ্তানি প্রক্রিয়া সম্পন্ন করার পরও রপ্তানিমূল্য প্রাপ্ত হয়নি এবং রপ্তানির বিপরীতে তাদের EXP'র মেয়াদ উত্তীর্ণ হয়ে আছে, সেসব প্রতিষ্ঠানের EXP'র মেয়াদ বর্ধিতকরণের লক্ষ্যে বিজিএমইএ বাংলাদেশ ব্যাংকের সাথেও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে যাচ্ছে।

এমতাবস্থায়, যেসব সদস্য প্রতিষ্ঠান উক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট রপ্তানি প্রক্রিয়া সম্পন্ন করার পরও তাদের রপ্তানিমূল্য প্রাপ্য পাননি এবং EXP'র মেয়াদ উত্তীর্ণ হয়ে আছে তাহারা আগামী ৩ (তিন) দিনের মধ্যে তাদের নিজ নিজ লিয়েন ব্যাংকের বরাবর EXP'র মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে আবেদন করতঃ লিয়েন ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত আবেদনের কপি বিজিএমইএ (ব্যাংকিং এ্যাফেয়ার্স শাখা) বরাবর দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


CamScanner